আজকের কাগজ

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা 6 কলাম 2

17

# মাদারীপুর সরকারি কলেজে ছাত্রদল ছাত্রলীগের সংঘর্ষে আহত ২৫

**মাদারীপুর প্রতিনিধি :** গতকাল মাদারীপুর সরকারি নাজিমউদ্দিন কলেজে দু'টি ছাত্র সংগঠনের মধ্যে এক সংঘর্ষে প্রায় ২৫ জন আহত হয়েছে।

গতকাল সকাল ১১টায় ছাত্রদল ও ছাত্রলীগ (ম-ই)-এর মিছিল চলাকালীন সময়ে হঠাৎ সংঘর্ষ শুরু হয়।

সংঘর্ষে দু'দলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হলে দু'পক্ষই আগ্নেয়াস্ত্র, রামদা, হকিস্টিক, টেটা ইত্যাদি ব্যবহার করে। সংঘর্ষের সময় উভয় পক্ষ ৪/৫ রাউন্ড গুলিসহ কমপক্ষে ২০টি বোমার বিস্ফোরণ ঘটায়।

সংঘর্ষে ছাত্রলীগের বাবুল ও জাকির, ছাত্রদলের চায়না ও বাবুলকে গুরুতর আহত অবস্থায় বরিশাল মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে।

সংঘর্ষ শুরু হবার আগে ছাত্রলীগের সংবর্ধনা অনুষ্ঠান চলছিলো। সংঘর্ষের এক পর্যায়ে ছাত্রদলের কতিপয় কর্মী ছাত্রলীগের সভামঞ্চ ভাংচুর করে এবং মাইক ছিনিয়ে নিয়ে যায়। পরে সাধারণ ছাত্র-ছাত্রীদের প্রতিরোধের মুখে ছাত্রদল কর্মীরা পিছু হটে যায়।

বর্তমানে শহরে উত্তেজনা বিরাজ করছে।